শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

019



গতকাল আজিমপুর গার্লস হাই স্কুল পরীক্ষা কেন্দ্রের দৃশ্য —ইনকিলাব

**ব্যাপক গণটোকাটুকি, লাঠিচার্জ, সংঘর্ষ ও গ্রেফতারের মধ্য দিয়ে এসএসসি পরীক্ষা শুরু**

# প্রথম দিনেই ৩ সহস্রাধিক ছাত্র-ছাত্রী বহিষ্কার

॥ ইনকিলাব রিপোর্ট ॥

ব্যাপক গণটোকাটুকি, বহিষ্কার, লাঠিচার্জ, সংঘর্ষ ও গ্রেফতারের মধ্য দিয়ে এ বছর দেশের ৪টি বোর্ডের অধীনে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার প্রথম দিন গতকাল অতিবাহিত হয়েছে।

নকলপ্রবণতা রোধে পরীক্ষা কেন্দ্রসমূহ উপজেলা সদরের মধ্যে সীমাবদ্ধ রাখা হলেও দেশের বিভিন্ন স্থান থেকে ব্যাপক গণটোকাটুকির খবর পাওয়া গেছে।

নকলের দায়ে দেশের ৪টি বোর্ডের বিভিন্ন কেন্দ্র থেকে ৩ হাজারেরও বেশী ছাত্র-ছাত্রীকে বহিষ্কারের খবর পাওয়া গেছে।

প্রথম দিনের পরীক্ষায় কুমিল্লার দাউদকান্দি কেন্দ্রে ২ জন ছাত্রের বহিষ্কার এবং পুলিশের লাঠিচার্জের প্রতিবাদে কেন্দ্রের বাইরে অপেক্ষমাণ হাজার হাজার ছাত্র ও অভিভাবক পুলিশী বাধা অতিক্রম করে পরীক্ষা কেন্দ্রে ঢুকে পড়েন। নিরুপায় পুলিশ ও শিক্ষকদের উপস্থিতিতেই পরীক্ষার্থী ও অভিভাবকরা একত্রে বসে পরীক্ষা দেয় বলে সংবাদদাতা জানান।

সারাদেশের অধিকাংশ উপজেলা কেন্দ্রেই কেন্দ্রের বাইরে থেকে ব্যাপক হারে নকল সরবরাহের খবর পাওয়া গেছে। ভোলা কেন্দ্র থেকে কেন্দ্রের বাইরে অপেক্ষমাণ

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## নকল সরবরাহ করতে গিয়ে ৪ জন আহত

চট্টগ্রাম ব্যুরো, ১৬ মার্চ।— আজ অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার প্রথম দিনে চন্দনাইশ উপজেলার গাছবাড়িয়া কলেজ কেন্দ্রে নকল সরবরাহ করতে গিয়ে ৪ ব্যক্তি আহত হয়। এদের মধ্যে গুরুতর সেলিমকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদিকে বিভিন্ন উপজেলা কেন্দ্রে কিছু কিছু নকল হয়েছে বলে খবর পাওয়া গেছে।

## এসএসসি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

ছাত্র, অভিভাবক এবং পুলিশের মধ্যে সংঘর্ষের খবর পাওয়া গেছে।

নীলফামারীতে ১৪৪ ধারা ভঙ্গের দায়ে পুলিশ ৫ জনকে গ্রেফতার করেছে।

### ঢাকা মহানগরী

ঢাকা মহানগরীর ৪৯টি কেন্দ্রে গতকাল শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম ঢাকা মহানগরী ও সাভারের কয়েকটি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

### মশার উৎপাত

ঢাকা শহরের অধিকাংশ কেন্দ্রেই গতকাল সকালের পরীক্ষায় পরীক্ষার্থীরা মশার সাথে যুদ্ধ করে পরীক্ষা দেয়।

### প্রাইভেট টিউটর প্রসঙ্গ

ইতিপূর্বে এসএসসি পরীক্ষায় প্রাইভেট টিউশনীর সাথে সম্পৃক্ত শিক্ষকদের পরীক্ষার হলে গার্ড দিতে দেয়া হবে না, এ ধরনের আভাস দেয়া হলেও শহরের পরীক্ষা কেন্দ্রগুলোতে এ ব্যবস্থা কার্যকর করতে দেখা যায়নি।

### ঢাকা বোর্ড

আমাদের সংবাদদাতাদের কাছ থেকে প্রাপ্ত খবর অনুযায়ী ঢাকা বোর্ডের। ধামরাই, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, ময়মনসিংহ, নেত্রকোনা, গাজীপুর, মাদারীপুর, শেরপুর, গোপালগঞ্জসহ অন্যান্য জেলার প্রায় ৫০টিরও বেশী কেন্দ্র থেকে নকলের দায়ে ৬ শতাধিক ছাত্রকে বহিষ্কার করা হয়েছে।

### কুমিল্লা বোর্ড

কুমিল্লা বোর্ডের জেলা সদর দাউদকান্দি, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম, লক্ষ্মীপুরসহ অন্যান্য জেলার প্রায় ৫০টি কেন্দ্র থেকে নকলের দায়ে ৫ শতাধিক ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হয়েছে।

### যশোর বোর্ড

এ রিপোর্ট লেখার সময় পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী যশোর বোর্ডের খুলনা, যশোর, পটুয়াখালী, ভোলা, নড়াইল ও কুষ্টিয়াসহ অন্যান্য জেলার প্রায় ৪০টি কেন্দ্র থেকে নকলের দায়ে ৩ শতাধিক ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হয়।

### রাজশাহী বোর্ড

রাজশাহী বোর্ডের গাইবান্ধা, চাঁপাইনবাবগঞ্জ, দিনাজপুর, ঠাকুরগাঁও, সিরাজগঞ্জ, নাটোর, পঞ্চগড়, জয়পুরহাট, বগুড়া, রাজশাহী, নিলফামারী, রংপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম, পাবনা ও নওগাঁসহ বিভিন্ন জেলার প্রায় শতাধিক কেন্দ্র থেকে নকলের দায়ে ১ হাজার ৮শ'-রও বেশী ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হয়েছে।